বাংলা সাহিত্য

বিষয়- রাখাল ছেলে

পূর্ণমান ১২

💐নিম্নলিখিত প্রশ্নগুলির সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো।

১. রাহুল শহরে থাকে। ছুটিতে গ্রামে গিয়ে সে খোলা মাঠ, গরু চরানো ও প্রকৃতির সৌন্দর্য দেখে খুব আনন্দ পেল। তার অভিজ্ঞতার সঙ্গে 'রাখাল ছেলে' কবিতার কোন বিষয়টি সবচেয়ে বেশি মিলে যায়?

গ্রামীণ জীবনের সরলতা / শহরের ব্যস্ততা / প্রযুক্তিনির্ভর জীবন / বিদ্যালয়ের নিয়ম

২. একজন শিশু প্রতিদিন মোবাইলে গেম খেলে। অন্য একজন শিশু মাঠে গরু চরাতে চরাতে বন্ধুদের সঙ্গে খেলাধুলা করে। কবিতার ভাব অনুযায়ী কোন জীবনধারা বেশি উপযুক্ত?

শুধু মোবাইল ব্যবহার / প্রকৃতির সঙ্গে মিশে থাকা / সারাদিন ঘরে থাকা / একা সময় কাটান

৩. তোমার বন্ধু সারাদিন ঘরের মধ্যে থাকতে চায়। 'রাখাল ছেলে' কবিতার ভাব অনুযায়ী তাকে তুমি কী পরামর্শ দেবে?

সারাদিন টিভি দেখতে / প্রকৃতির মাঝে খেলতে / শুধু পড়াশোনা করতে / সারাদিন ঘুমাতে

৪. কবিতায় ভোরের শিশির, ফুল ও মাঠের উল্লেখ প্রধানত কী বোঝায়?

প্রকৃতির সৌন্দর্য / শহরের উন্নতি / ব্যবসা-বাণিজ্য / যুদ্ধের প্রস্তুতি

৫. একজন শিশু মায়ের ডাক শুনে সব কাজ ফেলে বাড়ি ফিরে এল। এই আচরণটি কবিতার কোন মূল্যবোধকে প্রকাশ করে?

অবাধ্যতা / দায়িত্ববোধ ও মায়ের প্রতি শ্রদ্ধা / অলসতা / সাহসিকতা

৬. যদি রাখাল ছেলেটি গরু চরানোর বদলে সারাদিন অলসভাবে বসে থাকত, তাহলে কবিতার মূল বার্তা কী হতো?

পরিশ্রমের গুরুত্ব কমে যেত / প্রকৃতির সৌন্দর্য বেড়ে যেত / কবিতা আরও আনন্দময় হতো / কবির আনন্দ বৃদ্ধি পেত

৭. 'রাখাল ছেলে' কবিতা পড়ে একজন শিক্ষার্থীর মধ্যে কোন গুণটি গড়ে ওঠা সবচেয়ে প্রত্যাশিত?

প্রকৃতিপ্রেম / অহংকার / বিলাসিতা / প্রতিযোগিতার মনোভাব

৮.মন্তব্য: রাখাল ছেলের মা তাকে  ডাকছিল।

কারণ: রাখাল ছেলে পাড়ার বাকি ছেলেদের সঙ্গে মারামারি করছিল।

মন্তব্য ঠিক,কারণ ভুল / মন্তব্য ভুল,কারণ ঠিক/ মন্তব্য ও কারণ উভয়ই ঠিক/ মন্তব্য ও কারণ উভয় ভুল

৯. মন্তব্য: জসীম উদ্দিন পল্লীকবি নামেই বিশেষ পরিচিত।

কারণ: জসীম উদ্দিন পলাশ গ্রামে থাকতো।

মন্তব্য ঠিক,কারণ ভুল / মন্তব্য ভুল,কারণ ঠিক/ মন্তব্য ও কারণ উভয়ই ঠিক/ মন্তব্য ও কারণ উভয় ভুল

১০. দুষ্টু মাসি! দুষ্টু মাসি! বারেক ফিরে চাও।

উল্লেখিত বাক্যটির মধ্যে  নীচে দাগ দেওয়া শব্দটির অর্থ কী ?

তিনবার / চারবার / দুইবার / একবার

💐 যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও। (২)

ক) কলার পাতা দোলায় চামর শিশির ধোয়ায় পা-লাইনটির ব্যাখ্যা করো।

খ) শহরের পরিবেশ ও গ্রামের পরিবেশের মধ্যে পার্থক্য কোথায় তার নিজের ভাষায় ব্যক্ত করো।

**গ) রাখাল ছেলে কবিতাটি পড়ে তোমার মনের মধ্যে যে ভাবটি ফুটে উঠেছে তা নিজের ভাষায় পরিস্ফুট করো।**